# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৬০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. প্রথম অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

بَابُ الْجَمَاعَةِ وَفَضْلِهَا

## আরবী

وَعَنْ زَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَتْ: قَالَ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا شَهِدَتْ إِحْدَاكُنَّ الْمَسْجِدَ فَلَا تمس طيبا» . رَوَاهُ مُسلم

## বাংলা

১০৬০-[৯] ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ)-এর বিবি যায়নাব (রাঃ)বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে ইরশাদ করেছেনঃ তোমাদের মধ্যে কোন নারী মসজিদে গেলে সে যেন সুগন্ধি ব্যবহার না করে। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৪৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا شَهِدَتْ إِحْدَاكُنَّ الْمَسْجِدَ) ‘তোমাদের মধ্যে কোন নারী যখন মসজিদে উপস্থিত হবে’ অর্থাৎ মসজিদে উপস্থিত হওয়ার ইচ্ছা পোষণ করবে (فَلَا تَمَسَّ طِيْبًا) তবে সে যেন সুগন্ধি স্পর্শ না করে। অর্থাৎ সুগন্ধি না লাগায়। মুসলিমের বর্ণনায় আছে ‘‘তোমাদের মধ্যকার কোন নারী যখন ‘ইশার সালাতে উপস্থিত হওয়ার ইচ্ছা করে সে যেন ঐ রাতে সুগন্ধি না লাগায়’’। এ হাদীস থেকে বুঝা গেল যে, মসজিদে যাইতে চাইলে সুগন্ধি লাগানো যাবে না। তবে মাসজিদ থেকে ফিরে এসে যদি সুগন্ধি লাগায় তবে কোন ক্ষতি নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55620

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন